রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ১৬, ১৯৯৫

**বাংলাদেশ জাতীয় সংসদ**

ঢাকা, ১৬ই ফেব্রুয়ারী, ১৯৯৫ / ৪ঠা ফাল্গুন, ১৪০১

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ১৫ই ফেব্রুয়ারী, ১৯৯৫ (৩রা ফাল্গুন, ১৪০১) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ-

**১৯৯৫ সনের ৩নং আইন**
**আনসার বাহিনী গঠনকল্পে প্রণীত আইন**

যেহেতু আনসার বাহিনী গঠন এবং তৎসম্পর্কিত বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;
সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনামা**।- এই আইন আনসার বাহিনী আইন, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-
(ক) ‘‘প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;
(খ) ‘‘বাহিনী” অর্থ এই আইনের অধীন গঠিত আনসার বাহিনী;
(গ) ‘‘বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
(ঘ) ‘‘মহাপরিচালক” অর্থ ধারা ৪ এর অধীন নিযুক্ত মহপরিচালক।

৩। **আনসার বাহিনী গঠন**।- এই আইনের বিধান অনুযায়ী আনসার বাহিনী নামে একটি বাহিনী গঠন করা হইবে।


মূল্য ঃ টাকা ৩.০০

(২) বাহিনী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ **১৫২** এ প্রদত্ত "শৃংখলা বাহিনী" সংজ্ঞার অর্থে একটি শৃংখলা বাহিনী হইবে।

৪। **তত্ত্বাবধান ও পরিচালনা**।- বাহিনী সরকারের সার্বিক তত্ত্বাবধানে থাকিবে, এবং এই আইন ও বিধি এবং উহাদের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত আদেশ ও নির্দেশ অনুযায়ী সরকার কর্তৃক নিযুক্ত একজন মহাপরিচালকের পরিচালনাধীন থাকিবে।

৫। **কর্মকর্তা, কর্মচারী** ইত্যাদি।-আনসার অধিদপ্তরের জন্য সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে যে সকল কর্মকর্তা ও কর্মচারী থাকিবেন তাহারা বাহিনীর কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন।

৬। **বাহিনীর শ্রেনীবিভাগ,** ইত্যাদি - (১) বাহিনীর দুই শ্রেনীর আনসার থাকিবে, যথাঃ-

(ক) সাধারণ আনসার; ও

(খ) অঙ্গীভূত আনসার।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত উভয় শ্রেনীর আনসার প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে যথাক্রমে তালিকাভুক্ত ও অংগীভূত হইবেন এবং তাহাদের ভাতা, পোশাক, প্রশিক্ষণ, ইত্যাদি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

(৩) সাধারণ আনসার স্বেচ্ছাসেবক হিসাবে থাকিবেন এবং জাতীয় দূর্যোগ বা সংকট মুহুর্তে, প্রয়োজন হইলে, মহাপরিচালক বা এতদুদ্দেশ্যে তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা তাহাদিগকে স্বেচ্ছাসেবক হিসাবে দায়িত্ব পালনের জন্য আহবান করিতে পারিবেন।

(৪) অঙ্গীভূত আনসার কোন সংস্থা বা প্রতিষ্ঠানের অনুরোধে মহাপরিচালক বা এতদুদ্দেশ্যে তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার নির্দেশে যে কোন নিরাপত্তামূলক ও আইন-শৃংখলার দায়িত্ব পালন করিবার উদ্দেশ্যে নির্দিষ্ট সময়ের জন্য নিযুক্ত হইবেন।

৭। **বাহিনীর পদ।-** আনসার বাহিনীর নিম্নবর্ণিত সকল বা যে কোন পদ থাকিবে, যথাঃ-

(ক) থানা কোম্পানী কমান্ডার;

(খ) সহকারী থানা কোম্পানী কমান্ডার;

(গ) প্লাটুন কমান্ডার;

(ঘ) সহকারী প্লাটুন কমান্ডার;

(ঙ) হাবিলদার;

(চ) নায়েক;

(ছ) ল্যান্স নায়েক;

(জ) আনসার।

৮। **আনসার ইউনিট গঠন**।- মহপরিচালক, সরকারের পূর্বানুমোদনক্রমে, প্রত্যেক জেলায় বাহিনীর এক বা একাধিক আনসার ইউনিট গঠন করিতে পারিবে এবং উহাদের গঠন, পরিচালনা ও নিয়ন্ত্রণ প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

ব্যাখ্যা।- এই ধারায় ইউনিট অর্থে সেকশন, প্লাটুন, কোম্পানী ও ব্যাটালিয়নকে বুঝাইবে।

৯। **বাহিনীর দায়িত্ব**, ইত্যাদি।- (১) বাহিনীর প্রধান দায়িত্ব হইবে-

(ক) জননিরাপত্তামূলক কাজে সরকার বা সরকারের অধীন কোন কর্তৃপক্ষকে সহায়তা প্রদান এবং অন্য কোন নিরাপত্তামূলক কাজে অংশগ্রহণ করা;

(খ) দেশের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক নির্দেশিত কোন জনকল্যানমূলক কাজে অংশ গ্রহণ করা।

(২) বিশেষ করিয়া, এবং উপরোক্ত বিধানের সামগ্রিকতাকে ক্ষুন্ন না করিয়া, বাহিনী, সরকারের নির্দেশে, নিম্নবর্ণিত বাহিনীসমূহকে সহায়তা ও সাহায্য প্রদান করিবে, যথাঃ-

(ক) স্থল বাহিনী;

(খ) নৌ-বাহিনী;

(গ) বিমান বাহিনী;

(ঘ) বাংলাদেশ রাইফেলস;

(ঙ) পুলিশ বাহিনী;

(চ) ব্যাটালিয়ান আনসার।

১০। **অস্ত্র ও গোলাবারুদ বহন**।- সরকার কর্তৃক প্রণীত নীতিমালা এবং তৎকর্তৃক, সময় সময়, প্রদত্ত নির্দেশ ও আরোপিত শর্ত সাপেক্ষে, বাহিনীর সদস্যগণ অস্ত্র ও গোলাবারুদ বহন ও ব্যবহার করিতে পারিবেন।

১১। **আদেশ পালনে বাধ্যবাধকতা**।- (১) বাহিনীর সকল সদস্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তাহাদিগকে প্রদত্ত আইনানুগ আদেশ পালন করিতে বাধ্য থাকিবেন।

(২) অঙ্গীভূত আনসারদের ক্ষেত্রে Police Act, 1861 (Act V of 1861) এর এবং উহার অধীণ প্রণীত শৃংখলা জনিত বিধান প্রযোজ্য হইবে।

১২। **ক্ষমতা অর্পণ**।- মহাপরিচালক এই আইনের অধীন তাহার যে কোন ক্ষমতা বা দায়িত্ব প্রয়োজনবোধে, লিখিত আদেশ দ্বারা, তাহার অধীনস্থ যে কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

১৩। **বিধি প্রণয়নের ক্ষমতা**।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

১৪। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা**।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, মহাপরিচালক, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা কোন বিধির সহিত অসামঞ্জস্য না হয় এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবেন।

১৫। **রহিতকরণ ও হেফাজত**।- (১) Ansars act, 1948 (E.P.Act VII of 1948) অতঃপর উক্ত এ্যাক্ট বলিয়া উল্লেখিত এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্ত এ্যাক্ট এর অধীণ গঠিত আনসার বাহিনীর সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, তহবিল দায় এবং দলিল- দস্তাবেজ এই আইন প্রবর্তনের সংগে সংগে উহার অধীন গঠিত বাহিনীর সম্পত্তি, তহবিল, দায় এবং দলিল-দস্তাবেজ হইবে।

(৩) এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে উক্ত এ্যাক্ট এর অধীন আনসার বাহিনীতে নিযুক্ত বা কর্মরত সকল তালিকাভূক্ত বা অংগীভূত আনসার এই আইনের অধীন তালিকাভূক্ত বা অংগীভূত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন।

(৪) উক্ত এ্যাক্টের অধীন প্রণীত এবং এই আইন প্রবর্তনের তারিখে বলবৎ সকল বিধি ও প্রবিধান, এই আইনের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত, বলবৎ থাকিবে।

(৫) সরকার বা উক্ত এ্যাক্টের অধীন নিযুক্ত মহপরিচালক কর্তৃক উক্ত এ্যাক্ট এর অধীন গঠিত আনসার বাহিনী সম্পর্কে প্রদত্ত সকল আদেশ বা নির্দেশ, এই আইনের বিধানাবলীর সহিত সামাঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, রহিত বা সংশোধন না হওয়া পর্যন্ত, বলবৎ থাকিবে।

আবুল হাশেম
সচিব

মোঃ মিজানুর রহামান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

সোমবার, মার্চ ১৮, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
আনসার শাখা

## প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে ফাল্গুন ১৪০২/১২ই মার্চ ১৯৯৬

এস, আর, ও নং ৩৭-আইন/৯৬-আনসার বাহিনী আইন, ১৯৯৫(১৯৯৫ সনের ৩নং আইন) এর ধারা ১৪তে প্রদত্ত ক্ষমতাবলে মহাপরিচালক, সরকারের পূর্বানুমোদনক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলেন, যথা :-

১। **সংক্ষিপ্ত শিরোনামা**। -এই প্রবিধানমালা **আনসার বাহিনী প্রবিধানমালা, ১৯৯৬** নামে অভিহিত হইবে।

২। সাধারণ আনসার তালিকাভূক্তিকরণ।-(১) কোন ব্যক্তি সাধারণ আনসার হিসাবে তালিকাভূক্ত হইতে পারিবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশ নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডোমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন; এবং

(গ) প্রবিধান ৩(৩) এ বর্ণিত সুনির্দিষ্ট শপথ গ্রহণ না করেন।

(২) সাধারণ আনসার হিসাবে তালিকাভুক্তির জন্য প্রত্যেক প্রার্থীকে শারিরীকভাবে সুস্থ্য হইতে হইবে এবং তাহার বয়স ও অন্যান্য যোগ্যতা নিম্নরূপ হইতে হইবে, যথা :-

(ক) বয়স ঃ ১৮ হইতে ৪০ বৎসর;

(খ) শিক্ষাগত যোগ্যতা ঃ নূন্যতম ৮ম শ্রেণী পাশ;

(গ) উচ্চতা ঃ- (অ) সর্বনিম্ন ১৬০ সেঃমিঃ অর্থাৎ ৫'-৪" (পুরুষের ক্ষেত্রে);

(আ) সর্বনিম্ন ১৫০ সেঃমিঃ অর্থাৎ ৫'-০" (মহিলার ক্ষেত্রে);

(ই) বুকের মাপঃ ৭৫ সেঃমিঃ হইতে ৮০ সেঃমিঃ অর্থাৎ ৩০"-৩২" (পুরুষের ক্ষেত্রে)।

(ঈ) দৃষ্টি শক্তি ঃ ৬/৬।

(৩) সাধারণ আনসার হিসাবে প্রাথমিক তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে ক্ষেত্রমত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পৌরসভার চেয়ারম্যান বা পৌর কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সার্টিফিকেট দাখিল করিতে হইবে।

(৪) সংশ্লিষ্ট থানার আনসার ও ভিডিপি কর্মকর্তা, এই প্রবিধানের শর্ত ও নিয়মাবলী সাপেক্ষে, সাধারণ আনসারদের প্রাথমিক তালিকা প্রস্ততত করিবেন এবং সংশ্লিষ্ট জেলা অ্যাডজুট্যান্টের অনুমোদন সাপেক্ষে উক্ত তালিকা চূড়ান্ত হইবে।

৩। প্রশিক্ষণ।- (১) প্রবিধি ২ এর অধীন প্রণীত প্রাথমিকভাবে তালিকাভুক্ত সাধারণ আনসারগণকে মহাপরিচালক কর্তৃক নির্ধারিত স্থানে, পদ্ধতিতে ও সময়কালের জন্য প্রশিক্ষণ প্রদান করা হইবে।

(২) প্রশিক্ষণকালে কোন প্রশিক্ষণার্থী সাধারণ আনসার প্রশিক্ষকের মতে শৃংখলার পরিপন্থি কোন কাজ করিলে বা উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসম্মত আদেশ-নির্দেশ অমান্য করিলে তাহার বিরুদ্ধে নিম্নবর্ণিত যে কোন শাস্তিমূলক কার্যক্রম গ্রহণ করা যাইবে, যথা ঃ-

(ক) প্রশিক্ষণ হইতে বহিস্কার।

(খ) অনধিক ১৫ (পনর) দিন পর্যন্ত ব্যারাকে আটক এবং গার্ড ডিউটি অথবা অন্য কোন শ্রম সাধ্য কাজ

দেওয়া।

(গ) সতর্কীকরণ।

(ঘ) তিরস্কার।

(ঙ) অতিরিক্ত ড্রিল।

(চ) ফ্যাটিগ ডিউটি।

(৩) সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারী আনসারকে জেলা অ্যাডজুট্যান্ট নিম্নবর্ণিত শপথ বাক্য পাঠ করাইবেন-

শপথনামা

আমি ..................................................পিতা/স্বামী ..................................................
গ্রাম ........................................................ ডাকঘর ..........................................................
থানা ....................................................... জেলা .............................................................
আনসার সংগঠনের আদর্শে উদ্বুদ্ধ হইয়া এই মর্মে শপথ গ্রহণ করিতেছি যে, আমি ধর্মীয় অনুশাসন বিশ্বস্ততার সহিত মান্য করিব এবং সমাজ ও দেশ সেবায় আত্মনিয়োগ করিব। আমি আমার উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসম্মত আদেশ-নির্দেশ যথাযথভাবে মানিতে বাধ্য থাকিব। আমি বাংলাদেশের সংবিধানের প্রতি পূর্ণ অনুগত থাকিব এবং দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার্থে প্রয়োজনবোধে নিজের জীবন উৎসর্গ করিব।

আমার সম্মুখে অদ্য ......................ইং তারিখে স্বাক্ষর
শপথ গৃহীত হইল।

জেলা অ্যাডজুট্যান্ট

(৪) সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারী আনসারকে 'ক' তপসিলে 'ক' এর ছক এ একটি সনদপত্র প্রদান করা হইবে এবং তপসিল 'গ' এর ফরম মোতাবেক চূড়ান্তভাবে তালিকাভূক্ত করা হইবে।

তবে শর্ত থাকে যে, চূড়ান্ত তালিকাভুক্তির পূর্বে সংশ্লিষ্ট আনসারের পুলিশ ভেরিফিকেশন করাইতে হইবে এবং পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন সন্তোষজনক হইতে হইবে।

৪। **প্রশিক্ষণকালীন সুবিধাদি**।- (১) একজন প্রশিক্ষণার্থী আনসার প্রশিক্ষণকালীন সময়ে সরকার কর্তৃক নির্ধারিত দৈনিক ভাতা, ভর্তুকী মূল্যে রেশন, চিকিৎসা সুবিধা এবং মহাপরিচালক কর্তৃক নির্ধারিত যাতায়াত ভাতা পাইবেন।

(ছ) প্রশিক্ষণকালে একজন প্রশিক্ষণার্থী সাধারণ আনসার নিম্নবর্ণিত পোষাক পরিচ্ছদ প্রাপ্য হইবেন, যথাঃ-

(ক) ব্যারেট ক্যাপ / ফিল্ড ক্যাপ;

(খ) খাকি ফুল প্যান্ট;

(গ) খাকি ফুল শার্ট;

(ঘ) ওয়েব বেল্ট;

(ঙ) সাদা গেঞ্জি;

(চ) পিটি স্যু; এবং

(ছ) কালো মোজা।

৫। **অঙ্গীভূত আনসার**।- (১) এই প্রবিধানমালার বিধান সাপেক্ষে মহাপরিচালক কর্তৃক মনোনীত কর্মকর্তা সাধারণ আনসারদের মধ্য হইতে ক্রম অনুসরণ করিয়া অঙ্গীভূত আনসার নিয়োগ করিতে পারিবেন।

(২) অঙ্গীভূত আনসারদের বিবরণ তপসিল 'খ' এর ছকে লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) কোন অঙ্গীভূত আনসারের কার্যকাল ১ (এক) বৎসরের উর্ধ্বে হইবে না এবং তাহার কার্যকাল ১ (এক) বৎসর সমাপ্তির পর পরবর্তি ৪ বৎসরের মধ্যে তাহাকে, মহাপরিচালকের পূর্বানুমতি ব্যতীত, পুনরায় অংগীভূত করা যাইবে না।

(৪) অঙ্গীভূত কোন আনসারকে শৃংখলাজনিত কারণ ছাড়া অন্য কোন সংগত কারণে অ-অঙ্গীভূত করা হইলে তাহাকে এই প্রবিধানের বিধান সাপেক্ষে পুনরায় অঙ্গীভূত করা যাইবে।

(৫) অঙ্গীভূত আনসারগণ সরকারী নীতিমালা অনুসারে ব্যবহারকারী সংস্থা বা প্রতিষ্ঠানের নিকট হইতে আর্থিক সুবিধাদি পাইবেন।

(৬) **অঙ্গীভূত আনসারের পোষাক**।- একজন অঙ্গীভূত আনসার মহাপরিচালক কর্তৃক অনুমোদিত নমুনা অনুযায়ী নিম্নবর্ণিত পোষাক প্রাপ্য হইবেন, যথা ঃ-

(ক) ব্যারেট ক্যাপ / ফিল্ড ক্যাপ;
(খ) খাকী ফুল শার্ট;
(গ) খাকী ফুল প্যান্ট;
(ঘ) ওয়েব বেল্ট;
(ঙ) খাকী হাফ প্যান্ট;
(চ) কালো মোজা;
(ছ) কালো বুট; এবং
(জ) খাকী উলেন জার্সি (শীতকালের জন্য)।

৭। **ক্যাপের ব্যাজ**।- প্রবিধি ৬ এ যাহা কিছুই থাকুক না কেন, আনসার সংগঠনের ক্যাপ ব্যাজ নিম্নরূপ হইবে, যথাঃ-

সাদা ধাতব নির্মিত একটি মনোগ্রাম, যাহার নিম্নদেশে ২৯ মিঃমিঃ দৈর্ঘ্য এবং ০৬ মিঃমিঃ প্রস্থ ''আনসার'' শব্দ খচিত এবং ৩৫ মিঃমিঃ পরিমাপের একটি উদীয়মান সূর্য থাকিবে যাহা দুইটি ধানের শীষ দ্বারা পরিবেষ্টিত থাকিবে এবং উপরে একটি তারকা থাকিবে, যাহা ধানের শীষদ্বয়ের শীর্ষদেশ দ্বারা যুক্ত থাকিবে। অত্র মনোগ্রাম ব্যারেট ক্যাপের বাম পাশে এবং পিক ক্যাপের সামনের দিকের মধ্যভাগে পরিধান করিতে হইবে।

৮। **র‍্যাংকের ব্যাজ**।- সাধারণ আনসার ও অঙ্গীভূত আনসারের র‍্যাংকের ব্যাজ নিম্নরূপ হইবে, যথাঃ-

(ক) হাবিলদার পদের জন্য $\frac{৩}{৮}$ ইঞ্চি প্রস্থ ''ঠ'' আকৃতির তিনটি সবুজ কাপড়ের টুকরা ১২০ ডিগ্রী কোণে লাল কাপড়ের উপর সন্নিবেশিত থাকিবে।

(খ) নায়েক পদের জন্য $\frac{৩}{৮}$ ইঞ্চি প্রস্থ ‘‘ঠ’’ আকৃতির দুইটি সবুজ কাপড়ের টুকরা ১২০ ডিগ্রী কোণে লাল কাপড়ের উপর সন্নিবেশিত থাকিবে।

(গ) ল্যান্স নায়েক পদের জন্য $\frac{৩}{৮}$ ইঞ্চি প্রস্থ ‘‘ঠ’’ আকৃতির ১টি সবুজ কাপড়ের টুকরা ১২০ ডিগ্রী কোণে লাল কাপড়ের উপর সন্নিবেশিত থাকিবে।

(ঘ) আনসার শব্দ খচিত ১১ মিঃমিঃ চওড়া এবং ৪৯ মিঃমিঃ লম্বা সাদা ধাতব নির্মিত সোলডার টাইটেল।

(ঙ) বাহিনী প্রতীক।

৯। **চারজনের কম সংখ্যক আনসার মোতায়েন নিষিদ্ধ**।- কোন সংস্থা বা প্রতিষ্ঠানে চারজনের কম সংখ্যক আনসার মোতায়েন করা যাইবে না।

১০। **অ-অঙ্গীভূতকরণ**।- নিম্নবর্ণিত কারণে কোন অঙ্গীভুত আনসার অ-অঙ্গীভূত হইয়াছেন বলিয়া গণ্য হইবে, যথাঃ-

(ক) অঙ্গীভুতকাল শেষ হইলে;

(খ) পদত্যাগপত্র গৃহীত হইলে;

(গ) শারিরীক বা মানসিকভাবে অক্ষম হইলে;

(ঘ) সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানে অংগীভূত আনসার নিযুক্ত রাখিবার প্রয়োজনীয়তা শেষ হইলে;

(ঙ) শৃংখলার মান সন্তোষজনক না হইলে; এবং

(চ) মহাপরিচালক কর্তৃক নির্ধারিত অন্যান্য কারণে।

**তপসিল "ক"**

**ক্রমিক নং**
**সাঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আনসার ও ভিডিপি অধিদপ্তর
(মনোগ্রাম)

**আনসার প্রশিক্ষণ সনদ**

নং ..............................................পদবী ......................নাম .................................................. পিতা/স্বামী .................................................

গ্রাম ............................................ডাকঘর ........................ থানা .................................... জেলা ................................................................

..............................আনসার প্রশিক্ষণ শিবিরে ......................................................তারিখ হইতে ............................তারিখ পর্যন্ত ...........................

দিনের ....................................................................................................................প্রশিক্ষণ সাফল্যজনকভাবে সমাপ্ত করিয়াছেন।

স্থানঃ

জেলা অ্যাডজুট্যান্ট

## তপসিল "খ"

### অঙ্গীভূতির বিবরণ

| ক্রঃ নং | প্রত্যাশী সংস্থা/প্রতিষ্ঠান | অঙ্গীভূতির কারণ | সময়কাল | জেলা অ্যাডজুট্যান্টের স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |

## তপসিল "গ"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা আনসার ও ভিডিপি কার্যালয়**
**জেলা-**
**প্রশিক্ষণ সনদপ্রাপ্ত আনসারগণের তালিকাভূক্তির ফরম**

| ক্রঃ নং | নাম ও পিতার নাম ও জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | অস্থায়ী ঠিকানা | প্রশিক্ষণের সময়কাল | প্রশিক্ষণের সনদ প্রাপ্তির তারিখ | সনদ নং ও তারিখ | কর্তৃপক্ষের স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ আনোয়ারুল কবীর তালুকদার
মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা দল

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রনালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

বৃহস্পতিবার ফেব্রুয়ারী ৫.২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
আনসার শাখা

প্রজ্ঞাপন

তারিখ ২৩ মাঘ ১৪১০/৫ ফেব্রুয়ারী ২০০৪

এস, আর, ও নং ২৫ আইন/২০০৪ আনসার বাহিনী আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৩ নং আইন) এর ধারা ১৩ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা আনসার বাহিনীর কর্মকর্তাদের পোষাক বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। বিধিমালার প্রাধান্য।-The Ansars Rules, ১৯৪৮ এ যাহা কিছুই থাকুক না কেন, আনসার বাহিনীর কর্মকর্তাদের পোষাকের ক্ষেত্রে এই বিধিমালা কার্যকর থাকিবে।

৩। আনসার বাহিনীর কর্মকর্তাদের পোষাক।- এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, আনসার বাহিনীর কর্মকর্তাদের পোষাক হইবে নিম্নরূপ ঃ-

(ক) পিক ক্যাপ/ব্যারেট ক্যাপ/ফিল্ড ক্যাপ;

(খ) বুশ শার্ট/ফুল শার্ট;

(গ) ফুল প্যান্ট/ট্রাউজার;

(ঘ) বেল্ট;

(ঙ) উলেন জার্সি;


মূল্য ঃ টাকা ৩.০০

(চ) উইন্টার কোট;

(ছ) ফরমেশন সাইন;

(জ) নেমপ্লেট ;

(ঝ) সোল্ডার টাইটেল;

(ঞ) কালো বুট (ডিএমএস)/কেডস/জংগল বুট/অক্সফোর্ড স্যু;

(ট) কালো মোজা (উলেন/নায়লন);

(ঠ) হাফ প্যান্ট (শর্টস);

(ড) ভেস্ট (কটন)।

৪। বিভিন্ন ক্যাপের ব্যাজ।- (১) আনসার বাহিনীর কর্মকর্তাদের বিভিন্ন ক্যাপের ব্যাজ হইবে নিম্নরুপ, যথা ঃ-

ক) পিক ক্যাপ ও ইহার ব্যাজ ঃ- পিক ক্যাপের রং হইবে গাঢ় কালো এবং ইহার ব্যাজ ৪ $\frac{১}{২}$ ইঞ্চি গভীরতা বিশিষ্ট ৩ (তিন) টি কাপড়ের ফালিযুক্ত হইবে ২১ $\frac{৩}{৪}$ ইঞ্চি বৃত্তাকার বিশিষ্ট ক্যাপের উপরিভাগে ব্যাস হইবে ১০$\frac{৩}{৮}$ ইঞ্চি । ক্যাপের প্রতি $\frac{১}{৪}$ ইঞ্চি ব্যাস হ্রাস/বৃদ্ধির জন্য উপরিভাগ $\frac{১}{৮}$ ইঞ্চি কম/বেশী হইবে এবং পার্শ্বদেশ ২$\frac{১}{৮}$ ইঞ্চি চওড়া বিশিষ্ট ৪ (চার) ফালি কাপড় দ্বারা তৈরী হইবে। পিক ক্যাপের সামনের বর্ধিত অংশ বাকাঁনো থাকিবে, যাহা মাঝামাঝি স্থানে সর্বোচ্চ ১ $\frac{৩}{৪}$ ইঞ্চি চওড়া হইবে। বর্ধিত অংশ ক্যাপের ২ (দুই) টুকরা কাপড়ের সংযোগ স্থল পর্যন্ত দুইদিকে বিস্তৃত থাকিবে। বর্ধিত অংশের উপরে উক্তলাকারে কালো রেশমী কাপড়ের একটি ব্যান্ড থাকিবে। পিক ক্যাপের বর্ধিত অংশের সংযোগ স্থল $\frac{৩}{৪}$ ইঞ্চি চওড়া বিশিষ্ট শক্ত চামড়ার একটি ব্যান্ড থাকিবে। উক্ত ব্যান্ড ক্যাপের বর্ধিত অংশ হইতে দুইদিকে $\frac{১}{২}$ ইঞ্চি করিয়া বর্ধিত থাকিবে এবং বর্ধিত অংশের প্রান্ত বরাবর আনসার ভিডিপি মনোগ্রাম যুক্ত বোতাম লাগানো থাকিবে। বোতাম $\frac{৩}{৮}$ ইঞ্চি ব্যাসের এবং রুপালী রংয়ের হইবে ; এবং -

(অ) মহাপরিচালক পদের জন্য শক্ত চামড়ার উপরে ক্যাপের সামনের বর্ধিতাংশে সোনালী রং এর জরিদ্বারা তৈরী অক (ঙঅক) লীফ নক্‌শা থাকিবে। ক্যাপের চতুর্পাশ্বে ১$\frac{১}{২}$ ইঞ্চি চওড়া বিশিষ্ট সবুজ মখমল কাপড়ের ব্যান্ড থাকিবে। ক্যাপ ব্যাজ হইবে গাঢ় সবুজ রং এর হইবে এবং তাহার উপরে ধানের শীষ দ্বারা পরিবেষ্টিত সোনালী রং এর তলোয়ার ও ব্যাটন আড়াআড়ি ভাবে থাকিবে এবং ক্রসড্ সোর্ড ও ব্যাটনের সংযোগ স্থলের ঠিক উপরিভাগে একটি শাপলা থাকিবে।

(আ) উপ-মহাপরিচালক, পরিচালক এবং উপ-পরিচালক পদের জন্য মহাপরিচালক পদের অনুরূপ হইবে, তবে ক্যাপের বর্ধিতাংশের সামনের দিকে অক (ঙঅক) লীফ নকশা সীমিত থাকিবে এবং ক্যাপ ব্যাজ গাঢ় সবুজ রংয়ের হইবে, যাহার উপরে সোনালী রংয়ের জরিদ্বারা তৈরী একটি চারকোনাকৃতির তারকা ধানের শীষ দ্বারা পরিবেষ্টিত থাকিবে এবং চারকোনাকৃতি তারকার মাঝখানে দুইটি পাটপাতাসহ একটি শাপলা ফুল খচিত থাকিবে;

(ই) সহকারী পরিচালক, সিনিয়র উপ-সহকারী পরিচালক এবং উপ-সহকারী পরিচালক পদের জন্য শক্ত চামড়ার উপরে ক্যাপের সামনের বর্ধিতাংশে সোনালী রংয়ের জরিদ্বারা তৈরী ধানের শীষ ক্যাপের দুইপ্রান্ত হইতে শুরু হইয়া মাঝখানে মুখোমুখি মিশিবে এবং সংযোগ স্থলে পাঁচকোনাকৃতির তারকা থাকিবে এবং ক্যাপ ব্যাজ সবুজ কাপড়ের উপরে ধান ও গমের শীষ দ্বারা পরিবেষ্টিত সোনালী জরিদ্বারা তৈরী দুইটি পাট পাতার সাথে একটি শাপলা থাকিবে।

খ) ব্যারেট ক্যাপ ও ইহার ব্যাজ ঃ- ব্যারেট ক্যাপের রং হইবে গাঢ় সবুজ এবং ইহার ব্যাজ –

(অ) মহাপরিচালক, উপ-মহাপরিচালক, পরিচালক এবং উপ-পরিচালক পদের জন্য পদমর্যাদা অনুযায়ী পিক ক্যাপের অনুরুপ হইবে ;

(আ) সহকারী পরিচালক পদের জন্য সবুজ কাপড়ের উপরে ধান ও গমের শীষ দ্বারা পরিবেষ্টিত সোনালী জরিদ্বারা তৈরী দুই টি পাটপাতার সাথে একটি শাপলা থাকিবে এবং শাপলা নীচে এবং ধান ও গমের মাঝে সমান্তরালে 'আনসার' শব্দটি বাংলায় খচিত থাকিবে ;

(ই) সিনিয়র উপ-সহকারী পরিচালক এবং উপ-সহকারী পরিচালক পদের জন্য সবুজ কাপড়ের উপরে ধান ও গমের শীষ দ্বারা পরিবেষ্টিত সাদা জরিদ্বারা তৈরী দুই টি পাটপাতার সাথে একটি শাপলা থাকিবে এবং শাপলার নীচে এবং ধান ও গমের শীষের মাঝে সমান্তরালে 'আনসার' শব্দটি বাংলায় খচিত থাকিবে ;

(ঈ) সার্কেল অ্যাডজুট্যান্ট ও তদনিম্ন পদের জন্য ধানের শীষ দ্বারা পরিবেষ্টিত সাদা ধাতব নির্মিত একটি মনোগ্রাম থাকিবে, যাহার নিম্ন দেশে ২৯ মিঃমিঃ দৈর্ঘ্য এবং ০৬ মিঃমিঃ প্রস্থ 'আনসার' শব্দ খচিত এবং ৩৫ মিঃমিঃ পরিমাপের একটি উদীয়মান সূর্য এবং উপরে ধানের শীষদ্বয়ের শীর্ষদেশ দ্বারা যুক্ত একটি তারকা থাকিবে।

উলেখ্য, এই মনোগ্রাম ব্যারেট ক্যাপে বাম পার্শ্বে পরিধান করিতে হইবে।

গ) ফিল্ড ক্যাপ ও ইহার ব্যাজ ঃ- ফিল্ড ক্যাপের রং হইবে খাকী, এবং ইহার ব্যাজ –

(অ) মহাপরিচালক পদের জন্য ২ টি পাঁচ কোনাকৃতির তারকা বিশিষ্ট হইবে ঃ
(আ) উপ-মহাপরিচালক পদের জন্য ১ টি পাঁচ কোনাকৃতির তারকা বিশিষ্ট হইবে ঃ

(২) প্রেষণে আগত কর্মকর্তাগণ স্ব-স্ব বাহিনীর ক্যাপ ব্যবহার করিবেন।

৫। বিভিন্ন কর্মকর্তার জর্জেট প্যাচ। (১) এই বিধিতে বর্ণিত আনসার বাহিনীর বিভিন্ন কর্মকর্তা জর্জেট প্যাচ থাকিবে এবং জর্জেট প্যাচের সহিত –

(ক) মহাপরিচালক পদের জন্য সোনালী রংয়ের অক লীফ থাকিবে ঃ

(খ) উপ-মহাপরিচালক পদের জন্য সোনালী রংয়ের পুরু ট্রেসিং ব্রেইড থাকিবে ঃ

(গ) পরিচালক পদের জন্য সোনালী রংয়ের সরু ট্রেসিং ব্রেইড থাকিবে ঃ

(ঘ) উপ-পরিচালক পদের জন্য রুপালী রংয়ের সরু ট্রেসিং ব্রেইড থাকিবে ঃ

(২) সিডি ও শার্টের সহিত জর্জেট প্যাচের সাইজ হইবে নিম্নরুপ, যথা ঃ-

(ক) শার্ট ঃ ২ ইঞ্চি ঢ ১ ইঞ্চি ;

(খ) সিডি ঃ ৩ $\frac{১}{২}$ ঢ ১ $\frac{১}{৮}$ ইঞ্চি ।

(৩) প্রেষণে আগত কর্মকর্তাগণ স্ব-স্ব বাহিনীর জর্জেট প্যাচ ব্যবহার করিবেন।

৬। বিভিন্ন কর্মকর্তার কোশেস ( Coshes) ও রেজিমেন্টাল স্টীক (Regimental Stick)|

১। মহাপরিচালক, উপ-মহাপরিচালক, পরিচালক এবং উপ-পরিচালক পদমর্যাদার কর্মকর্তাগণ কোশেস ব্যবহার করিবেন।

২। সহকারী পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক/জেলা অ্যাডজুট্যান্ট পদমর্যাদার কর্মকর্তাগণ রেজিমেন্টাল স্টীক ব্যবহার করিবেন, তবে কোন ভারপ্রাপ্ত বা চলতি দায়িত্ব প্রাপ্ত বা সাময়িক দায়িত্ব প্রাপ্ত সহকারী পরিচালক/সহকারী পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক/ জেলা অ্যাডজুট্যান্ট রেজিমেন্টাল স্টীক ব্যবহার করিতে পারিবেন না।

৩। প্রেষণে আগত কর্মকর্তাগণ স্ব-স্ব বাহিনীর কোশেস ব্যবহার করিবেন।

৪। আনসার বাহিনীর কর্মকর্তাগণের কোশেস হইবে নিম্নরূপ, যথা ঃ

(ক) উপকরণ ঃ অর্ডিনারী পোলস্টিক কেইন বা মালটাকোয়াকেইন (Ordinary pole stick cane or maltacoa cane);

(খ) দৈর্ঘ্য ঃ ২ ফুট;

(গ) ব্যাস ঃ $\frac{১}{২}$ ইঞ্চি হতে $\frac{৩}{৮}$ ইঞ্চি।

(ঘ) আকৃতি ঃ গোলাকৃতি বা ফ্ল্যাট কাট (Round or flat cut)

(৫) আনসার বাহিনীর কর্মকর্তাগণের রেজিমেন্টাল স্টীক ২ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট স্টীকের বাইরের উপরিভাগের অংশে ১ $\frac{১}{১৬}$ ইঞ্চি ব্যাসের্ধের আনসার-ভিডিপি এর সম্মিলিত মনোগ্রাম থাকিবে এবং স্টীকের দুপ্রান্ত হইতে ৩ ইঞ্চি পর্যন্ত এ্যালমুনিয়াম দ্বারা মোড়ানো থাকিবে।

৭। বিভিন্ন র‍্যাংকের ব্যাজ ঃ– (১) আনসার বাহিনীর কর্মকর্তাদের বিভিন্ন র‍্যাংকের ব্যাজ হইবে নিম্নরুপ, যথাঃ-

(ক) মহাপরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের ক্রসড্ সোর্ড ও ব্যাটন এবং একটি চারকোনাকৃতি তারকা;

(খ) উপ-মহাপরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের একটি শাপলা ও তিনটি চারকোনাকৃতি তারকা;

(গ) পরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের একটি শাপলা ও দুইটি চারকোনাকৃতি তারকা;

(ঘ) উপ-পরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের একটি শাপলা ও দুইটি চারকোনাকৃতি তারকা;

(ঙ) সহকারী পরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের একটি শাপলা ও তবে এই পদের ৫ বছরসহ ১ম শ্রেণীর পদে মোট ১৩ বছর চাকুরী পূর্তির পর সাদা ধাতব পদার্থের একটি শাপলা ও একটি চারকোনাকৃতি তারকা;

(চ) সিনিয়ির উপ-সহকারী পরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের তিনটি চারকোনাকৃতি তারকা;

(ছ) উপ-সহকারী পরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের দুইটি চারকোনাকৃতি তারকা;

(জ) সার্কেল অ্যাডজুট্যান্ট/কোম্পানী কমাণ্ডার পদের জন্য সাদা ধাতব পদার্থের একটি চারকোণাকৃতির তারকা;

(ঝ) সহকারী অ্যাডজুট্যান্ট/ইউএভিডিও পদের জন্য সাদা ধাতব পদার্থের একটি চারকোণাকৃতির তারকা;

(ঞ) উপজেলা প্রশিক্ষক/উপজেলা প্রশিক্ষিকা পদের জন্য সাদা ধাতব পদার্থের চারকোণাকৃতির দুইটি ফুল এবং 'আনসার' সোল্ডার টাইটেলের উপরে আধ ইঞ্চি চওড়া বিশিষ্ট সবুজ ফিতা।

(২) চারকোণাকৃতির প্রতিটি তারক ও ফুলের উপরে শাপলা প্রতীক এনগ্রেভড করা থাকিবে।

(৩) সকল জর্জেট প্যাচ গাঢ় সবুজ রং এর হইবে।

(৪) সহকারী পরিচালক ও তদনিম্ন পদবীর কর্মকর্তা ও কর্মচারী 'আনসার' খচিত দুটি সোল্ডার টাইটেল পরিধান করিবেন।

(৫) প্রেষণে আগত কর্মকর্তাগণ স্ব-স্ব বাহিনীর ব্যাজেজ অব র‍্যাংক পরিধান করিবেন।

৮। গ্রীষ্মকালীন পোষাক ঃ (১) এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, আনসার বাহিনীর প্রথম শ্রেণীর কর্মকর্তাগণ গ্রীষ্মকালে নিম্নরূপ বুশ শার্ট পরিধান করিবেন ঃ–

(ক) সামনের দিক খোলা এবং আস্তিনসহ (Cuff) ফুলহাতা শার্ট;

(খ) সামনের দিকে নিচের অংশে কোমর (Waist line) বরাবর সোজা ঢাকনাসহ দুইটি ঝুলন্ত (Hanging) পকেট থাকিবে, পকেটের দৈর্ঘ্য ২১.৫ সে.মি. ($৮\frac{১}{২}$) ইঞ্চি এবং প্রস্থ ১৮ সে.মি. (৭) ইঞ্চি, পকেটের ঢাকনার দৈর্ঘ্য ৭.৫ সে.মি. (৩) ইঞ্চি এবং প্রস্থ ১৮ সে.মি. (৭) ইঞ্চি হইবে এবং ঢাকনার সহিত পকেটের দুই কোণায় দুইটি চাপ দিয়ে আটকানো যায় এমন দুইটি বোতাম (চৎবংং ঝঃঁফ) থাকিবে যা বাহির হইতে দেখা যাইবে না;

(গ) পয়েন্টেড (চড়রহঃবফ) ঢাকনা দুটি বুক পকেট থাকবে। ঢাকনার সহিত পকেটের দুই কোনায় চাপ দিয়ে আটকানো দুইটি বোতাম (Press Stud) থাকিবে যাহা বাহির হইতে দেখা যাবে না। পকেটের উপরে মাঝ বরাবর ভাঁজ দেওয়া পিট (Pleat) থাকিবে। বুক পকেটের দৈর্ঘ্য ১৪.৫ সে.মি. ($৫\frac{৩}{৪}$ ইঞ্চি) এবং প্রস্থ ১৩ সে.মি. (৫ ইঞ্চি)। ঢাকনার দৈর্ঘ্য ৪ সে.মি. ($১\frac{১}{২}$ ইঞ্চি) প্রস্থ ১৩ সে.মি. (৫ ইঞ্চি) এবং ঢাকনার মধ্যবিন্দু (Center) দৈর্ঘ্য হবে ৬ সে.মি. ($২\frac{১}{২}$ ইঞ্চি);

(ঘ) শার্টের দুই পাশে নীচ হইতে শুরু করিয়া ২৩ সে.মি. (৯ ইঞ্চি) খোলা থাকিবে;

(ঙ) শার্টের পিছনের দিকে ঠিক মাঝখানে সেলাই বরাবর একটি ভাঁজ দেওয়া পিট (Pleat) থাকিবে এবং এর নীচ দিকের প্রান্ত হইতে ২০ সে.মি. (৮ইঞ্চি) খোলা থাকিবে।

(চ) ১৭৩ সে.মি. (৫ ফিট-৮ইঞ্চি) পর্যন্ত উচ্চতা বিশিষ্ট কর্মকর্তার শার্টের সামনের কলারের প্রস্থ হবে ৮.২৫ সে.মি. ($৩\frac{১}{৪}$ ইঞ্চি) এবং ১৭৩ সে.মি. (৫ ফিট ৮ ইঞ্চি) এর বেশী উচ্চতার কর্মকর্তার জন্য সামনের কলারের প্রস্থ হইবে ৮.৯০ মি.মি. ($৩\frac{১}{২}$ ইঞ্চি) ।

(ছ) কাঁধের স্ট্রাপের প্রস্থ (Shoulder Straps) হবে ৬.৫ সে.মি. ($২\frac{১}{২}$ ইঞ্চি) এবং দৈর্ঘ্য হবে আনুমানিক।

(জ) নিম্ন পদ্ধতিতে ৪ টি বড় এবং ৮ টি ছোট বোতাম সংযুক্ত থাকবে, যথা ঃ-

(অ) সামনে ৪ টি বড় বোতাম;

(আ) পকেটের ৪ টি ছোট বোতাম;

(ই) কাঁধে ২টি ছোট বোতাম;

(ঈ) শার্টের আস্তিনে ২ টি ছোট বোতাম;

(ঝ) সকল পকেটের ঢাকনার (Flaps) বোতামের ঘরগুলো (Bottom edge) হইবে হাতে সেলাই করা;
(ঞ) ফরমেশন সাইন শার্টের সাথে সেলাই করা থাকিবে।

(২) সাধারণ ভাবে কোন মেডেল পরা যাইবেনা, তবে রিবন বার (Ribbon bar) বুক বরাবর পরিতে হইবে এবং আনুষ্ঠানিক ভাবে কোন অনুষ্ঠানে পূর্ণ আকৃতির মেডেল পরিতে হইবে, ইহা ছাড়া পূর্ণ আকৃতির ব্যাজেজ অব র‍্যাংক পরিতে হইবে তবে সোল্ডার টাইটেল পরা যাইবেনা।

(৩) ৫ ছিদ্রযুক্ত কালো রঙের অক্সফোর্ড জুতা পরিতে হইবে।

(৪) যে সকল কর্মকর্তার জর্জেট প্রাধিকৃত নয় সে সকল কর্মকর্তা বাহিনীর লোগোর অনুরূপ ক্ষুদ্রাকৃতির ব্যাজ পরিধান করিবেন।

(৫) কর্মকর্তাগণ বুশ শার্টের উপাদানের তৈরী ট্রাউজার পরিধান করিবেন যাহা পরিবর্তনযোগ্য বেসামরিক ট্রাউজারের অনুরূপ হইবে এবং ট্রাউজারের সোজা পার্শ্ব পকেট থাকিবে, তবে ওল্টানো কোমর বন্ধনী, পিট (চষবধঃ) হিপ পকেট এবং বেল্ট লুপ থাকিবেনা।

(৬) যে কোন আউটডোর বা ইনডোর অনুষ্ঠানে ১লা মার্চ হইতে ৩০শে নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে এই বিধিতে উলিখিত ড্রেস পরিধান করিতে হইবে এবং উক্ত সময়ের মধ্যে বর্ণিত পোষাক যদি আনুষ্ঠানিক পোষাক হিসাবে নির্ধারিত হয় তাহা হইলে পূর্ণ আকৃতির মেডেলসহ উহা পরিধান করিতে হইবে এবং এই পোষাক যদি সার্ভিস ড্রেস হিসাবে ব্যবহৃত হয় তাহা হইলে শুধু রিবন এবং পিক ক্যাপ ব্যবহার করিতে হইবে।

(৭) এই বিধিতে বর্ণিত পোষাক বর্ণিত সাপ্তাহিক ও মাসিক ডিনার নাইটে রিবন ও পিক ক্যাপসহ পরিধান করা যাইবে।

(৮) প্রেষণে আগত কর্মকর্তাগণ স্ব-স্ব বাহিনীর আনুষ্ঠানিক পোষাক পরি:ধান করিবেন।

(৯) শীতকালীন পোষাক ঃ- (১) এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, আনসার বাহিনীর প্রথম শ্রেণীর কর্মকর্তাদের শীতকালীন পোষাক হইবে নিমরূপ, যথাঃ-

(ক) হালকা খাকী রং এর আনুষ্ঠানিক পোষাক ঃ– একই রং এর ফুল শার্ট, ফুল প্যান্ট, টাই এবং কালো অক্সফোর্ড জুতা ও কালো মোজা;

(খ) কাপড় ঃ- হালকা খাকী রং এর কাপড়, সুতা পলিষ্টার ও কটন মিশ্রিত;

(গ) আনুষ্ঠানিক পোষাকের বিবরণ ঃ- একই কাপড়ের কাঁধে সোল্ডার, বুক পকেট দুইটি এবং নীচের পকেট দুইটি;

(ঘ) ছোট বোতাম ঃ- আনসার মনোগ্রাম খচিত দেড় সেন্টিমিটার ব্যাস বিশিষ্ট পিতলের উপর সাদা নিকেল করা বোতাম। চার পকেটে চারটি এবং সোল্ডারে একটি করিয়া দুইটি;

(ঙ) বড় বোতাম ঃ- আনসার মনোগ্রাম খচিত দুই সেন্টিমিটার ব্যাস বিশিষ্ট পিতলের উপর সাদা নিকেল করা বোতাম, শার্টের বুক পেটে চারটি;

(চ) ফুল শার্ট টাই কলার;

(ছ) ফুল প্যান্ট ঃ- সাইড পকেট দুইটি এবং পিছনের হিপ পকেট একটি। প্যান্ট ছোট বড় করার জন্য দুই কাপড়ের হুক বেল্ট।

(২) প্রেষণে আগত কর্মকর্তাগণ স্ব-স্ব বাহিনীর আনুষ্ঠানিক পোষাক পরিধান করিবেন।

(৩) বিধি-৮ এর উপ-বিধি (৬) এ বর্ণিত সময় ব্যতীত অন্যান্য সময়ে অনুষ্ঠিত যে কোন আউটডোর বা ইনডোর অনুষ্ঠানে এই বিধিতে উলিখিত ড্রেস পরিধান করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মাহবুবুর রহমান
যুগ্ম-সচিব

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আনসার ও ভিডিপি সদর দপ্তর**
**খিলগাঁও,ঢাকা ।**

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৩শে অগ্রায়ণ,১৪১৩ বঙ্গাব্দ/৭ই ডিসেম্বর,২০০৬ খ্রিষ্টাব্দ।

এস,আর , ও নং ৩২৮ আইন/২০০৬। আনসার বাহিনী আইন, ১৯৯৫(১৯৯৫ সনের ৩নং আইন) এর ধারা ১৪তে প্রদত্ত ক্ষমতাবলে মহাপরিচালক, আনসার বাহিনী, সরকারের পূর্বানুমোদনক্রমে, আনসার বাহিনী প্রবিধানমালা, ১৯৯৬ এর নিম্নরূপ সংশোধন করিলেন,যথাঃ-

উপরি-উক্ত প্রবিধানমালার প্রবিধি ৫ এর উপ- প্রবিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ- প্রবিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(৩) কোন অঙ্গীভূত আনসারের কার্যকাল তিন বৎসরের উর্দ্ধে হইবে না এবং তাহার কার্যকাল তিন বৎসর সমাপ্তির পর পরবর্তী চার বৎসরের মধ্যে তাহাকে মহাপরিচালকের পূর্বানুমতি ব্যতিত পুনরায় অঙ্গীভূত করা যাইবে না"।

মেজর জেনারেল এম আকবর আকতার
মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।